# সচরাচর জিজ্ঞাসা

# আন্তর্জাতিক সুরক্ষা নিয়ে

### কাদের আশ্রয়/ আন্তর্জাতিক সুরক্ষার অধিকার আছে ?

তৃতীয় দেশের নাগরিকদের বা নাগরিকত্বহীনদের গ্রিক সরকার সুরক্ষা (আশ্রয়, শরণার্থী মর্যাদা- আন্তর্জাতিক সুরক্ষা) দিয়ে থাকে, যারা জাতি, ধর্ম, জাতীয়তা, একটি নির্দিষ্ট সামাজিক গোষ্ঠীর অন্তর্ভুক্ত বা রাজনৈতিক বিশ্বাসের কারণে নির্যাতিত বা তাদের মাতৃভূমিতে অথবা পূর্ববর্তী অবস্থানকারী দেশে গুরুতর ক্ষতির সম্মুখীন হয় অথবা তার মৃত্যুদণ্ড সাজা বা তা কার্যকরের ঝুঁকি থাকে, অথবা নির্যাতন বা অমানবিক বা অবমাননাকর আচরণের ঝুঁকি, বা আন্তর্জাতিক অথবা নাগরিক সংঘাতের কারণে যাদের শারীরিক অখন্ডতা বা জীবন বিপন্ন হওয়ার ঝুঁকি থাকে।

### কিভাবে আশ্রয়ের আবেদন করতে পারি ?

আপনি অভ্যর্থনা ও সনাক্তকরণ কেন্দ্রে থাকাকালীন অবস্থায় আন্তর্জাতিক সুরক্ষা এবং আশ্রয়ের জন্য আবেদন করতে পারেন। অনুরোধের পর, অভ্যর্থনা ও সনাক্তকরণ কেন্দ্রের কর্মীরা আপনার আবেদনের জন্য আপনাকে আস্রয় পরিষেবার উপযুক্ত কর্তৃপক্ষের নিকট পাঠাবে।

অথবা বৈদ্যুতিনিকভাবেও আপনার আবেদনের নিবন্ধন করতে পারেন উল্লেখিত বৈদ্যুতনিক প্লাটফর্মে: https://apps.migration.gov.gr/selfregistration/login

### আবেদন করার জন্য আমাকে কি ফী দিতে হবে ?

না, আন্তর্জাতিক সুরক্ষার পদ্ধতি বিনামূল্যে এবং উন্মুক্ত।

### আমি কি আমার স্ত্রী এবং সন্তানদের জন্য আবেদন করতে পারব ?

আপনার পরিবারের সদস্যদের জন্য আবেদন করতে পারবেন, যদি তারা আপনার সাথে গ্রীস অবস্থান করেন যদি তারা ইচ্ছা পোষণ করেন।

**আমি আশ্রয় পাবো কি না তা আমার মামলার পর্যবেক্ষক কিভাবে সিদ্ধান্ত নিয়ে থাকেন?**

ব্যাক্তিগত সাক্ষাৎকারের সময় আপনার দেওয়া বিবৃতি, আপনার আবেদনকে প্রমাণ করার জন্য যেসকল তথ্য প্রদান করেছেন, আপনার মাতৃভূমি সম্পর্কে প্রদত্ত সকল তথ্য এবং আপনার প্রশাসনিক ফাইলে থাকা সমস্ত তথ্য বিবেচনা করে পর্যবেক্ষক আপনার আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করেন।

**আশ্রয়ের আবেদন করার পর এবং উত্তরের জন্য অপেক্ষমাণ সময়ে আমি কি ভ্রমণ করতে পারবো?**

না, একজন আন্তর্জাতিক সুরক্ষার প্রার্থী হিসেবে আপনি গ্রিসের বাইরে ভ্রমণ করতে পারবেন না। বিশেষ পরিস্থিতির মুহূর্ত ব্যতিত, যখন গুরুতর মানবিক কারণ দেখা দেয়, যা প্রমাণিত গুরুতর স্বাস্থ্য কারণ হিসেবে অন্য দেশে আপনার উপস্থিতির নির্দেশ করে। আপনার ভ্রমণ নথি জারি করার জন্য পরিষেবাতে একটি আবেদন করতে হবে। যদি আপনি আশ্রয় পরিষেবাকে না জানিয়ে দেশ ত্যাগ করেন তবে আপনার আবেদন প্রত্যাখ্যান করে দেওয়া হবে।

**সাক্ষাৎকারে আমার কি দোভাষী আনতে হবে – কি হবে যদি আমি ইংরেজি না জানি?**

আশ্রয় পরিষেবা আপনার সাথে পরিষেবার সকল কার্যক্রমে দোভাষীর উপস্থিতি নিশ্চিত করবে, যে ভাষায় আপনি কথা বলেন অথবা যে ভাষা আপনি বোঝেন।

**কিভাবে জানতে পারবো আমার আবেদন কোন পর্যায়ে আছে?**

যেহেতু টেলিফোন তথ্য দেওয়া হয় না, তাই আপনি নিজে অথবা আপনার অনুমতি-প্রাপ্ত উকিল পরিষেবাতে আসবেন। যেহেতু, প্রতিদিন প্রচুরসংখ্যক সেবা গ্রহণকারীর উপস্থিতি হয় তাই আমরা সুপারিশ করি যে, আপনার কার্ড মেয়াদউত্তীর্ণ হওয়ার পর যখন নবায়ন করতে আসবেন, তখন আপনার মামলার অগ্রগতি সম্পর্কে আপনাকে অবহিত করা হবে।

**আমি বেআইনি/ অবৈধভাবে গ্রিসে অবস্থান করলেও কি আবেদন করতে পারবো?**

হ্যাঁ, যদি আপনি বেআইনি/ অবৈধভাবে এদেশে প্রবেশ করেন তা আপনার আবেদন প্রক্রিয়াকে এবং তার পরীক্ষাকে প্রভাবিত করবে না, এই ক্ষেত্রে দেশে প্রবেশের অল্প সময়ের মধ্যে আবেদন করাই যথেষ্ট। যদি আপনি গ্রিসে বেআইনি/অবৈধভাবে প্রবেশ করে থাকেন তবে বাধ্যতামূলকভাবে অভ্যর্থনা ও সনাক্তকরণ কেন্দ্রে অবস্থান করতে হবে এবং কেন্দ্রের মধ্যে পরিচালিত আশ্রয় পরিষেবার শাখাতে আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন করবেন।

**যদি আমি অপ্রাপ্তবয়স্ক হই তবে আমি কি আবেদন করতে পারবো ?**

হ্যাঁ, যদি আপনি পনের (১৫) বছরের নিচে হন, তবে আন্তর্জাতিক সুরক্ষা আবেদনটি অবশ্যই আপনার পিতা-মাতা অথবা আপনার যত্নের দায়িত্বপ্রাপ্ত প্রাপ্তবয়স্ক দ্বারা অথবা যদি আপনি সঙ্গীহীন অপ্রাপ্তবয়স্ক হন তবে আপনার জন্য নির্বাচিত মনোনীত প্রতিনিধির মাধ্যমে আবেদন জমা দিতে হবে। যদি আপনি পনের (১৫) বছরের উপরে হন, তবে আপনি নিজে আবেদন জমা দিতে পারবেন। যদি আপনি সঙ্গীহীন নাবালক হন প্রশাসন আপনার জন্য একজন অভিভাবক নিয়োগ করবেন, যে আপনার নিরাপত্তা এবং অপ্রাপ্তবয়স্কদের জন্য উপযুক্ত পরিবেশে আবাসন ব্যবস্থার দায়িত্ব নিবেন এবং আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদনে আপনাকে সাহায্য করবেন।

**সাক্ষাৎকারে আমাকে সহযোগিতা করার জন্য কেউ কি উপস্থিত থাকতে পারবেন?**

সাক্ষাৎকারে আপনার সাথে আপনার অনুমোদিত আইনজীবী, ডাক্তার, সমাজকর্মী অথবা মনোবিজ্ঞানীকে রাখতে পারবেন।

**আমার আবেদনের ফলাফলের জন্য অপেক্ষমান সময়কালে আমি কি চিকিৎসা সেবা পেতে পারি?**

হ্যাঁ, চিকিৎসা এবং হাসপাতালের সেবা পাওয়ার জন্য আপনি আপনার আবেদন করার সাথে সাথে অভিবাসীদের জন্য বীমা এবং স্বাস্থ্যসেবার অস্থায়ী (PAAYPA) নাম্বারটি পাবেন।

**আশ্রয় পাওয়ার পর (অথবা আমার আবেদন গৃহীত হওয়ার পর) আমি কি ভ্রমণ করতে পারব ?**

যদি আপনাকে শরণার্থী মর্যাদা দেওয়া হয়, তবে আপনি ভ্রমণ নথি (TDV) এর জন্য আবেদন করতে পারেন, যাতে কিন্ত আপনার মাতৃভূমিতে আপনার ভ্রমণকে সীমাবদ্ধ করে। যদি আপনাকে সহায়ক সুরক্ষা দেওয়া হয় তবুও আপনি ভ্রমণ নথির জন্য আবেদন করতে পারবেন, এক্ষেত্রে যদি পরিষেবা মনে করে যে, আপনার দেশের কর্তৃপক্ষ দ্বারা জাতীয় পাসপোর্ট প্রদান অসম্ভব শুধু তখনই এটা আপনাকে মঞ্জুর করা হবে।

**সাক্ষাৎকার/ আবেদনে আমার প্রদত্ত ব্যক্তিগত সকল তথ্য কি সুরক্ষিত?**

হ্যাঁ, উপস্থিত প্রত্যেকেই গোপনীয়তা রক্ষার দায়িত্বে আবদ্ধ। আশ্রয় পরিষেবা আপনার দেশের প্রশাসনকে আপনার আবেদনের কোন তথ্য প্রদান না করার ব্যাপারে অঙ্গীকারবদ্ধ, তবে গ্রিসের অন্যান্য কর্তৃপক্ষের নিকট তথ্য প্রকাশ করতে পারে।

**গ্রিসের আশ্রয়ের সংক্রান্ত আইন কোথায় পেতে পারি?**

আন্তর্জাতিক সুরক্ষা সংক্রান্ত আইন ৪৬৮৫/২০২০, ৪৬৩৬/২০১৯, ৪৮২৫/২০২১ প্রশ্রয় পরিষেবার ওয়েবসাইটে গ্রীক ভাষায় উপলব্ধ করা হয়েছে।

**অধিকারের দিক থেকে আশ্রয়প্রার্থী ও শরণার্থী পদমর্যাদা প্রাপ্তদের মধ্যে কি ধরনের পার্থক্য আছে?**

একজন আশ্রয়প্রার্থী আন্তর্জাতিক সুরক্ষা কার্ডের ধারক, যা তার আবেদনের সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত তাকে এই দেশে আইনত বসবাসের অধিকার দেয় এবং সে আবশ্যকীয় প্রয়োজনীয়তা নিশ্চিত করার অধিকার উপভোগ করে। আন্তর্জাতিক সুরক্ষার অধিকারী এবং রেসিডেন্ট পারমিট এর ধারক গ্রীক নাগরিকদের মত একই রকম অধিকার ভোগ করে থাকেন।

**যদি আমার আবেদন প্রত্যাখ্যাত হয়ে যায় তবে কি হবে?**

আপনার সিদ্ধান্তে উল্লেখিত সময়সীমার মধ্যে আপনি স্বাধীন আপিল সংস্থার আপিল কমিটির নিকট চ্যালেঞ্জ করতে পারেন। এই পর্যায়ে আপনার বিনামূল্যে আইনি সহায়তা পাওয়ার সুযোগ রয়েছে। যদি আপনার আন্তর্জাতিক সুরক্ষার আবেদন প্রত্যাখ্যান হয়ে যায় তবে আপনাকে এই দেশ থেকে নির্বাসিত করার সিদ্ধান্ত কার্যকর করা হবে।

**আমার আবেদন প্রক্রিয়ার পর্যবেক্ষণে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ না হওয়া পর্যন্ত কত সময় প্রয়োজন ?**

আবেদনের ধরনের উপর নির্ভর করে আপনার আবেদন পর্যবেক্ষণে সর্বমোট বিশ (২০) দিন থেকে ছয় (৬) মাস পর্যন্ত সময় লাগতে পারে।